'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## আগস্ট/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৫১ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | : ১০/০৮/২০২৩, সকাল- ১০:০০ ঘটিকা। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা :</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুলাই/২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>বাসা ভাড়া বাবদ প্রাপ্য</td><td>৪৫,৮১২/-</td><td>১</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৪,০৭,৮৯৫/৮৫</td><td>২</td><td>--</td><td>--</td></tr>
<tr><td colspan="2">জুলাই/২৩ মাসের আয়-</td><td>৪,৫৩,৭০৭/৮৫</td><td colspan="2">জুলাই/২৩ মাসের মোট ব্যয়-</td><td>০০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট আয়-</td><td>৪,৫৩,৭০৭/৮৫</td><td colspan="2">সর্বমোট ব্যয়-</td><td>০০</td></tr>
<tr><td colspan="6">সমাপনী স্থিতি- ৪,৫৩,৭০৭/৮৫</td></tr>
</table>
উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই</td></tr>
<tr><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় পতিত জমি যেন অনাবাদী না থাকে সেই জন্য সকলকে উদ্বোদ্ধ করার জন্য সকল ইউনিয়ন পরিষদেও চেয়ারম্যান'কে অনুরোধ জানান। তিনি আরও জানান রাজানগর ইউনিয়ন পরিষদের সার বীজ ডিলার মৃত্যু বরণ করায় বর্তমানে তার ছেলেকে ঐ ইউনিয়নের সার ও বীজ ডিলার হিসেবে প্রতিস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। এছারাও রাজানগর ইউনিয়ন পরিষদের সার বীজ ডিলার মৃত্যু বরণ করায় বর্তমানে তার ছেলেকে ঐ ইউনিয়নের সার ও বীজ ডিলার হিসেবে প্রতিস্থাপনের কাজ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার, দিরাই</td></tr>
<tr><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই</td></tr>
</table>



Scanned With Scanner App Lite

Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। আগামী ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন অফিস হতে ০৬(ছয়) জন প্রশিক্ষিত বেকার যুবকে ২.৫০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার যুব ঋণের চেক বিতরণ করা হবে। এছারাও তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তরিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি), দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য শষ্য সংগ্রহ কার্যক্রমের মাধ্যমে এখন পর্যন্ত ধান সংগ্রহ হয়েছে- ২১২১.০০ মে.টন, সিদ্ধ চাউল সংগ্রহ হয়েছে-১৪৭.০০০ মে.টন। এছারাও খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** খাদ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তরিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় 'কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | (ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |
| (৩) বিবিধ ঃ | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় আগামী-১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে প্রতিটি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বে-সরকারি প্রতিষ্ঠানসহ গুরোত্বপূর্ণ স্থাপনায় জাতীয় পতাকার রং এবং মাপ সঠিক রেখে যথানিয়মে অর্ধনমিত রাখার জন্য সভায় অনুরোধ জানান। তিনি সকলে দৃষ্টিআকর্ষণ করে বলেন ১৫ আগস্ট ২০২৩ তারিখে সকাল ১০.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ প্রাঙ্গণে জাতীর পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানসহ সকল অনুষ্ঠানে স-প্রনদিত ভাবে অংশগ্রহণের জন্য উপজেলার সকল কর্মকর্তা ও কর্মচারীসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান উক্ত অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সরকারি যে পরিমাণ বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** আগামী-১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে উপজেলার সকল কর্মকর্তা ও কর্মচারীসহ উপস্থিত সকলের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। সেই সাথে উক্ত অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য প্রাপ্ত সরকারি বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদ চেয়াম্যান মহোদয়ের অফিস, উপজেলা নির্বাহী অফিস এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে পূর্বে উপজেলা পরিষদ হতে যে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছিল তা সম্পূর্ণভাবে অকেজু হয়ে গেছে। নিরাপত্তার স্বার্থে নতুন সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। উপজেলার নিরাপত্তার বৃদ্ধির জন্য সিসি ক্যামেরা স্থাপন করা অতিব জরুরি। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে "উপজেলা পরিষদ অফিস, উপজেলা নির্বাহী অফিসারের অফিস এবং বাসায় সিসি ক্যামেরা স্থাপন" করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে "উপজেলা পরিষদ অফিস, উপজেলা নির্বাহী অফিসারের অফিস এবং বাসায় সিসি ক্যামেরা স্থাপন" করার জন্য সর্বোচ্চ ২.০০ (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের, প্রাক্কলন অনুমোদনের এবং তা পিআইসির মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত পিআইসি পরিশিষ্ট 'গ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় বলেন উপজেলা পরিষদরে দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির চায়ার ০১(এক)টি টায়ার অকেজু হয়ে পড়ায় গাড়িটি ব্যবহার করা যাচ্ছিল না। তাই জরুরি ভিত্তিত ০১(এক)টি টায়ার ক্রয় করা হয়। উক্ত টায়ারক্রয় করতে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদরে দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির টায়ার ০১(এক)টি টায়ারক্রয় বাবদ ব্যয়িত সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সহ অন্যান্য ভবনের আঙ্গিনা ও ছাদ পরিষ্কার কাজে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সহ অন্যান্য ভবনের আঙ্গিনা ও ছাদ পরিষ্কার কাজে ব্যয়িত সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | (ঙ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান উপজেলা বিভিন্ন হাট-বাজার উন্নয়নের জন্য বিভিন্ন বাজার থেকে বাজার কমিটির সভার কার্যবিবরণী সহ আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনগুলোর প্রেক্ষিতে হাট-বাজার উন্নয়ন তহবিল হতে সংশ্লিষ্ট বাজার গুলোর উন্নয়ন কাজ করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বাস্তবতা যাচাই বাছাই করে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে বিধি মোতাবেক হাট-বাজার উন্নয়ন তহবিল হতে সংশ্লিষ্ট বাজার গুলোর উন্নয়ন কাজ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (চ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান বুরহানপুর গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত মোট ০৬(ছয়)টি পরিবার আর্থিক সহযোগিতা পাওয়ার জন্য আবেদন করেছে। তাদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদার প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার দৃষ্টি আকর্ষণ করে জানান অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৬(ছয়) পরিবারের মাঝে আর্থিক সহযোগীতা তাৎক্ষণিক ভাবে করা হয়েছে জেলা প্রশাসন ও উপজেলা থেকে। এমনকি তারা মাননীয় প্রধানমন্ত্রীর বরাবরে জেলা প্রশাসক সুনামগঞ্জ মহোদয়ের মাধ্যমে আর্থিক অনুদান পাওয়ার জন্য আবেদন করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** যেহেতু অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০৬(ছয়) পরিবারের একাধিকবার আর্থিক সহযোগীতা পেয়েছে সেহেতু উপজেলা পরিষদ হতে আর আর্থিক অনুদান প্রদানের সুযোগ নাই মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন কিছু মাস যাবৎ লক্ষ করা যাচ্ছে যে ন্যস্তকৃত ১৭ দপ্তরের কিছু কিছু দপ্তর প্রধানগণ পরিষদের মাসিক সাধারণ সভার দিন অফিসে থেকেও সভায় অনুপস্থিত থাকছেন; যা আইন ও বিধি পরিপন্থি। তাদের অনুপস্থিতির কারনে উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড বাধাগ্রস্থ হচ্ছে এবং তার দপ্তরের কোন তথ্যাদি জানা যাচ্ছে না। যা কোন ভাবেই কাম্য নয়। কাজেই ন্যস্তকৃত ১৭ দপ্তরের যে সকল অফিস প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভার তারিখে কর্মস্থলে উপস্থিত থাকার পরেও সভায় আসেন না তাদের তালিকা করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** ন্যস্তকৃত ১৭ দপ্তরের যে সকল অফিস প্রধানগণ উপজেলা পরিষদের মাসিক সভার তারিখে কর্মস্থলে উপস্থিত থাকার পরেও সভায় আসেন না তাদের তালিকা করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (জ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য ০১(এক)টি ফ্যানক্রয় বাবদ সর্বমোট- ৪,০০০/- (চার হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জন্য ০১(এক)টি ফ্যানক্রয় বাবদ ব্যয়িত সর্বমোট- ৪,০০০/- (চার হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মন্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

তারিখ ঃ ১০/০৮/২০২৩

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৬(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৬। মেয়র, দিরাই পৌরসভা
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
৮। উপজেলা ---------------------------------------------------------------- অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই
৯। চেয়ারম্যান---------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

২০.০৮.২৩
(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই<br>০৪। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই<br>০৭। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০২। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৩। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ<br>০৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৫। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ<br>০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৭। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৮। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৯। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১১। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>১৩। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। মেয়র, দিরাই পৌরসভা<br>০৩। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই<br>০৪। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই<br>০৫। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই<br>০৬। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই<br>০৭। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই<br>০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৭। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)<br>০৮। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ<br>০৯। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ |



Scanned With Scanner App Lite